রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ৯, ২০১৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৭৬-আইন/২০১৩।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত সমাপ্ত "দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-২)" শীর্ষক উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কর্তৃপক্ষ" অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;



**মূল্য ঃ** টাকা ৮.০০

(ঘ) "নিয়মিতকরণ" অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(ঙ) "প্রকল্প" অর্থ সরকার কর্তৃক অনুমোদিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটভুক্ত "দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-২)" প্রকল্প, যাহা ১ জুলাই ২০০৩ তারিখে শুরু হইয়াছে এবং ৩০ জুন ২০১১ তারিখে সমাপ্ত হইয়াছে;

(চ) "প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারী" অর্থ প্রকল্পের কোন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া রাজস্ব বাজেটে সৃজিত বা স্থানান্তরিত পদে সাময়িকভাবে পদস্থ কর্মকর্তা বা কর্মচারী;

(ছ) "প্রকল্পের চাকুরীকাল" অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ হওয়া পর্যন্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীকাল;

(জ) "রাজস্ব বাজেটের পদ" অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে সৃজিত বা স্থানান্তরিত কোন পদ;

(ঝ) "সাময়িকভাবে পদায়নকৃত" অর্থ প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারীকে রাজস্ব বাজেটের কোন পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাততঃ বলবত অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে পদায়ন ও নিয়মিত করা যাইবে, যথা :—

(ক) তফসিলে বর্ণিত প্রকল্পের রাজস্ব বাজেটে সৃজিত বা স্থানান্তরিত পদে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে; এবং

(খ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইলে ও চাকুরীর ধারাবাহিকতা থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরী সন্তোষজনক হইলে, তিনি অবসর উত্তর ছুটি ভোগরত থাকিলে, অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে, অথবা মৃত্যুবরণ করিলে, তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসর উত্তর ছুটি বা ক্ষেত্রমত বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকারিতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে :

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকুরি সন্তোষজনক হইতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতা বহির্ভূত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, তার ভিত্তিতে;

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই হইলে সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে সেই ক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকুরীকাল গণনা**।—নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষংগিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থ সরকার এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

**[বিধি-২(গ) দ্রষ্টব্য]**

"দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-২)"
শীর্ষক উন্নয়ন প্রকল্পের রাজস্ব বাজেটে সৃষ্ট পদসমূহ :

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্তির তারিখ | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | "দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-২)" শীর্ষক উন্নয়ন প্রকল্প | শুরু-১ জুলাই, ২০০৩ সমাপ্তি-৩০ জুন, ২০১১ | ১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট | ১ |
| | | | ২। সহকারী পরিচালক | ৪ |
| | | | ৩। মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ১ |
| | | | ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ |
| | | | ৫। শিক্ষা অফিসার | ২ |
| | | | ৬। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৭ |
| | | | ৭। পিএ কাম কম্পিউটার অপারেটর | ৩ |
| | | | ৮। কম্পিউটার অপারেট | ১০ |
| | | | ৯। ডাটা এন্ট্রি অপারেটর | ৩ |
| | | | ১০। গাড়ীচালক | ২ |
| | | | ১১। এমএলএসএস | ১৭ |
| | | | মোট= | ৫১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd